

■■ কুরআন ও সুন্নাহর আলোকে মুসলিম জীবনের আদব-কায়দা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - আদব-কায়দা'র পরিচয়, গুরুত্ব ও তাৎপর্য রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১. আদব-কায়দা'র পরিচয়:

আদব শব্দটি আরবি "أدب "শব্দ থেকে বাংলা ভাষায় বহুল ব্যবহৃত ও প্রচলিত শব্দ; যার অর্থ হলো: বিনয়, নম্রতা, ভদ্রতা, সভ্যতা, কৃষ্টি, সুশিক্ষা, নৈতিকতা, মানবিকতা, শোভনতা, শিষ্টাচার ।[1] আবার "أدب "শব্দের অর্থ: নিয়মনীতি, পদ্ধতি ইত্যাদি। আর আদব-কায়দা মানে— ভদ্র সমাজের রীতি-পদ্ধতি; ভদ্র ব্যবহার। অন্যভাবে বলা যায়: আদব-কায়দা মানে কাঙ্খিত শিক্ষা, সভ্যতা ও মার্জিত সংস্কৃতির দ্বারা আত্মগঠনের অনুশীলন করা।[2] ইবনু হাজার 'আসকালানী রহ. বলেন:

« الأدب: استعمال ما يحمد قولاً وفعلاً »

"কথায় ও কাজে প্রশংসনীয় ব্যবহারকে আদব বলে।"[3] আবার কেউ বলেন:

« الأخذ بمكارم الأخلاق »

"উত্তম চরিত্র লালন করাকে আদব বলে।"[4] আবার কেউ কেউ বলেন:

 \ll هو تعظیم من فوقك والرفق بمن دونك \ll

"আদব হলো উর্ধ্বতন ব্যক্তিকে সম্মান করা এবং অধস্তনকে স্নেহ করা।"[5] কেউ কেউ বলেন:

« الأدب هو حسن الأخلاق وفعل المكارم »

"আদব মানে উত্তম চরিত্র এবং ভালো কাজ।"[6] আর ইবনুল কায়্যিম রহ. বলেন:

« الأدب اجتماع خصال الخير في العبد »

"বান্দার মধ্যে উত্তম বৈশিষ্ট্যের সমাবেশ ঘটানোকে আদব বলে।"[7] আবার কেউ কেউ বলেন:

« والأدب هو الخصال الحميدة » .

"প্রশংসনীয় বৈশিষ্ট্যসমূহকেই আদব বলে।"[8]আর আমাদের দেশীয় ভাষায় বিনয়, নম্রতা, ভদ্রতা, সভ্যতা, কৃষ্টি, সুশিক্ষা, নৈতিকতা, মানবিকতা, শোভনতা ইত্যাদি গুণাবলী যে ব্যক্তির মধ্যে বিদ্যমান থাকে, তাকে 'মুয়াদ্দাব' (শালীন, ভদ্র ও সুশিক্ষিত) বলে। আর এসব গুণাবলী যার মধ্যে বিদ্যমান নেই, তাকে 'বেয়াদব' (অশালীন, অভদ্র, অসভ্য) বলে।

>

ফটনোট



[7] প্রাগুক্ত।

[8] প্রাগুত ৷

[1] ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, আল মুনীর আরবী-বাংলা অভিধান, দারুল হিকমা বাংলাদেশ, প্রকাশকাল: জুলাই ২০১০ খ্রি., পৃ. ১৫; বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান, পরিমার্জিত সংষ্করণ: ডিসেম্বর ২০০০, পৃ. ১০৩
[2] আল-মু'জাম আল-অসীত, দ্ৰ: " أدب
3]] 'মাউসু'য়াতুল বাহুছ ওয়াল মাকালাতুল 'ইলমিয়্যা' (موسوعة البحوث و المقالات العلمية), পৃ. ১ (আল- মাকতাবা আশ-শামেলা, আল-ইসদার আস-সানী)। "
[4] প্ৰাপ্তক্ত।
[5] প্রাপ্তক্ত।
[6] প্রাপ্তক্ত।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11094

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন